আজকের কাগজ

তারিখ 28 MAR 1992
পৃষ্ঠা ৬ কলাম 4

### ছাত্র-ছাত্রীদের পাঠগ্রহণে বিঘ্ন

# সরিষাবাড়ীতে প্রাথমিক বিদ্যালয়গুলো সংস্কার প্রয়োজন

**সরিষাবাড়ী, জামালপুরঃ** সরিষাবাড়ী উপজেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা দিন দিন চরম সংকটের সম্মুখীন হচ্ছে। উপজেলার ৮টি ইউনিয়নের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়গৃহের জরাজীর্ণ অবস্থা ও আসবাবপত্রের সংকট রয়েছে। প্রয়োজনীয় শিক্ষকের অভাবসহ বিভিন্ন কারণে উপজেলার প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে বিঘ্ন ঘটছে। এছাড়া বই, কাগজ ও অন্যান্য শিক্ষা উপকরণের মূল্যবৃদ্ধি এবং অভিভাবকদের আর্থিক সংকট থাকায় উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে। সরিষাবাড়ীতে প্রাথমিক সরকারি বিদ্যালয় ৮০টি ও ৮টি বেসরকারি বিদ্যালয় আছে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয় স্থানীয় জনসাধারণের চাঁদা ও উদ্যোগে গড়ে ওঠেছে। উপজেলার ৮টি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়গুলোর অধিকাংশ ছন, খড় বা টিনের ছাউনী। প্রয়োজনীয় সংস্কারের অভাবে উপজেলার ঐ সকল বিদ্যালয়গৃহের অধিকাংশই বর্তমানে জরাজীর্ণ ও নড়বড়ে। কামরাবাদ সরকারি মহিলা প্রাথমিক বিদ্যালয় ও কামরাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নীচু জায়গায় অবস্থিত বলে সামান্য বৃষ্টি হলেই স্কুলে হাঁটু পর্যন্ত পানি জমে যায়।

অপরদিকে পোগলদীঘা ও ভাটারা ইউপি'র ৪টি প্রাথমিক বিদ্যালয় ঘরের বেড়া, চেয়ার, টেবিল, বেঞ্চ-এর অভাবে ছাত্র-ছাত্রীদের মাদুর ও চট পেতে ক্লাস করতে হচ্ছে। তাছাড়া স্কুলগুলোতে নলকূপ না থাকায় পানির সংকট দেখা দিয়েছে তীব্রভাবে। তাছাড়া রয়েছে শৌচাগার সংকট। সরিষাবাড়ী থেকে সুকান্ত সাহা।